## সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মুল্যায়ন সংক্রান্ত প্রতিবেদনঃ

০১। গত ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার নাসিরাবাদে অবস্থিত বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম সরেজমিনে মূল্যায়ন করা হয়। মূল্যায়নকালে অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মজিবুর রহমান পাটওয়ারী এবং রেসিডিয়ান্ট সাইক্রিয়াটিক্স ডা. মোঃ রবিউল ইসলাম সহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

০২। অধিদপ্তর প্রতিষ্ঠার পর হতে ০৫ শয্যা বিশিষ্ট মাদকাসক্ত নিরাময় কেন্দ্রটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। গত ১৮ জানুয়ারি, ২০১৮ তারিখে ০৫ বেডের নিরাময় কেন্দ্রকে ২৫ বেডে উন্নীত করা হয়।

০৩। মাদকাসক্ত যে কোনো ব্যক্তি সরকারি ও বেসরকারি নিরাময় কেন্দ্রগুলোতে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারেন। সরকারি নিরাময় কেন্দ্রে দরিদ্র মাদকাসক্তদের বিনামূল্যে এবং অন্যান্য মাদকাসক্তদের স্বল্পমূল্যে আবাসিক ও অনাবাসিক চিকিৎসা ও পরামর্শ সেবা প্রদান করা হয়। জুন ২০১৯ পর্যন্ত সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হতে আন্তঃবিভাগে ৮,১৮০ জন এবং বহির্বিভাগে ১৪,২৫৭ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

০৪। Colombo Plan Gi Drug Advisory Programme এর আওতায় শিশু মাদকাসক্তদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে বাংলাদেশের ১০ জন এবং বিদেশের ২০ জন সহ মোট ৩০ জন এডিকশন প্রফেশনালদের প্রশিক্ষণ কার্যক্রম ঢাকায় অনুষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্র হতে আগত ৩ জন বিশেষজ্ঞ প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদান করেন। প্রশিক্ষণের ফলে শিশু মাদকাসক্তদের চিকিৎসা সুবিধা সম্প্রসারিত হয়েছে।

০৫। বিভাগীয় পর্যায়ে ২৫ বেডের নিরাময় কেন্দ্রকে ২০০ বেডের নিরাময় কেন্দ্রে উন্নীতকরনের প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে বৃহৎ পরিসরে মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা সেবার আওতায় আনা সম্ভব হবে।

০৫-১২-১৯

মোঃ মনিরুজ্জামান
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর , ঢাকা।
০৩। এপিএ টিম প্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

## সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মুল্যায়নঃ

০২ সেপ্টেম্বর ২০১৯ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় ঢাকার তেজগাঁয় অবস্থিত কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম সরেজমিনে মূল্যায়ন করা হয়। মূল্যায়নকালে প্রতিষ্ঠানটির চীফ কনসালটেন্ট ডা: সৈয়দ ইমামুল হোসেন এবং সিনিয়র কনসালটেন্ট ডা: মোঃ রাহেনুল হক সহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

১৯৮৮ সালে তেজগাঁও শিল্প এলাকায় ২৫ শয্যার একটি নন-পেয়িং ওয়ার্ড এবং গুলশান এলাকায় ১৫ শয্যার একটি পেয়িং ওয়ার্ডসম্বলিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপিত হয়। ১৯৯০ সালে তেজগাঁও শিল্প এলাকায় অবস্থিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হিসেবে ঘোষণা করা হয়, যার বেড সংখ্যা ৪০টি। তন্মধ্যে ২৫টি নন-পেয়িং এবং ১৫টি পেয়িং। গত ১০.১২.২০১৩ তারিখে কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত শিশু/পথশিশুদের চিকিৎসার জন্য ১০টি বেড বৃদ্ধি করে এটিকে ৫০ বেড-এ উন্নীত করা হয়। ১৮ জানুয়ারি, ২০১৮ তারিখে ৫০ বেডের নিরাময় কেন্দ্রকে ১০০ বেডে উন্নীত করা হয়। নারী মাদকাসক্তদের চিকিৎসা সুবিধাসহ বর্তমানে কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রটি ১২৪ বেডে উন্নীত করা হয়েছে।

মাদকাসক্ত যে কোনো ব্যক্তি সরকারি ও বেসরকারি নিরাময় কেন্দ্রগুলোতে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারেন। সরকারি নিরাময় কেন্দ্রে দরিদ্র মাদকাসক্তদের বিনামূল্যে এবং অন্যান্য মাদকাসক্তদের স্বল্পমূল্যে আবাসিক ও অনাবাসিক চিকিৎসা ও পরামর্শ সেবা প্রদান করা হয়। জুন ২০১৯ পর্যন্ত সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হতে আন্তঃবিভাগে ৮,১৮০ জন এবং বহির্বিভাগে ১৪,২৫৭ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে দেখা গেল।

Colombo Plan Gi Drug Advisory Programme এর আওতায় শিশু মাদকাসক্তদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে বাংলাদেশের ১০ জন এবং বিদেশের ২০ জন সহ মোট ৩০ জন এডিকশন প্রফেশনালদের প্রশিক্ষণ কার্যক্রম ঢাকায় অনুষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্র হতে আগত ৩ জন বিশেষজ্ঞ প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদান করেন। প্রশিক্ষণের ফলে শিশু মাদকাসক্তদের চিকিৎসা সুবিধা সম্প্রসারিত হয়েছে।

বিগত ২০১৩ সালে ঢাকার তেজগাঁওস্থ কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত শিশু/পথশিশুদের জন্য ১০ শয্যার চিকিৎসা সুবিধা চালু করা হয়। শিশু মাদকাসক্তদের চিকিৎসার জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং ঢাকা আহ্ছানিয়া মিশনের মধ্যে গত ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। উক্ত স্মারক অনুযায়ী আহছানিয়া মিশন কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত শিশুদের প্রেরণ করে। কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে তাদের চিকিৎসা সেবা প্রদান করা হয়। পরবর্তীতে এক মাস চিকিৎসা শেষে পুনর্বাসনের জন্য তাদেরকে আবার আহ্ছানিয়া মিশনের কাছে ফেরত দেয়া হয়। ২০১৮-২০১৯ অর্থবছরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ১৭২ জন পথশিশুকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

০২.০৯.১৯

মোঃ আবদুল কাদির
উপ সচিব
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,ঢাকা।
৩। এপিএ টিম প্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।